

Business Squad

পরীক্ষার নাম: GST Accounting Test-02

সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: ২০ টি | মোট নম্বর: ২০ × ১ = ২০

প্রতি সঠিক উত্তরের নম্বর: ১ | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: ০.২৫

১) একটি কোম্পানির সমষ্টি বিন্দু নির্ণয়ে কোন তথ্যটি অপ্রয়োজনীয়? (Accounting)

- A). স্থির ব্যয়
- B). পরিবর্তনশীল ব্যয়
- C). অবদান প্রাপ্ত
- D). গড় ব্যয়

আপনার উত্তর: D). গড় ব্যয়,
সঠিক উত্তর: D). গড় ব্যয়,

২) সমষ্টি বিন্দু থেকে প্রকৃত বিক্রয়ের দূরত্বকে বলে- (Accounting)

- A). ব্যয় প্রাপ্ত
- B). পরিচালনা লিভারেজ
- C). আর্থিক লিভারেজ
- D). নিরাপত্তা প্রাপ্ত

আপনার উত্তর: D). নিরাপত্তা প্রাপ্ত,
সঠিক উত্তর: D). নিরাপত্তা প্রাপ্ত,

বারিলগাঁও কোম্পানির একক প্রতি বিক্রয়মূল্য, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ও মোট স্থির ব্যয় যথাক্রমে ১৬০ টাকা, ৮৫ টাকা ও ৫,০০,০০০ টাকা।

৩) সমষ্টি বিক্রয় কত? (Accounting)

- A). ৮,০০০
- B). ৬,৬৬৭
- C). ৫,৩৩৩
- D). ১০,০০০

আপনার উত্তর: B). ৬,৬৬৭,
সঠিক উত্তর: B). ৬,৬৬৭,

একটি প্রতিষ্ঠানের মাসিক স্থায়ী খরচ ২০,০০০ টাকা এবং পরিবর্তনশীল খরচের অনুপাত ৮০%।

৪) প্রতিষ্ঠানটির মাসিক সমষ্টি বিন্দু কত টাকা? (Accounting)

- A). ৫০,০০০ টাকা
- B). ১,০০,০০০ টাকা
- C). ৮০,০০০ টাকা
- D). ১,৬০,০০০ টাকা

আপনার উত্তর: B). ১,০০,০০০ টাকা,
সঠিক উত্তর: B). ১,০০,০০০ টাকা,

৫) একটি কোম্পানির বিক্রয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা। যদি পরিবর্তনশীল খরচের অনুপাত ৪৫% হয় তবে অনুদান প্রাপ্তের পরিমাণ কত? (Accounting)

- A). ৪৫,০০০ টাকা
- B). ৫০,০০০ টাকা
- C). ৫৫,০০০ টাকা
- D). ৬০,০০০ টাকা

আপনার উত্তর: C). ৫৫,০০০ টাকা,
সঠিক উত্তর: C). ৫৫,০০০ টাকা,

আয়েশা বুটিকস এর বাৎসরিক উৎপাদন ক্ষমতা ৩,০০০ একক এবং চলতি হিসাবকালে তা উৎপাদনের পাশাপাশি সম্পূর্ণই বিক্রি হয়। হিসাব তথ্য অনুযায়ী একক প্রতি বিক্রয়মূল্য ৫০ টাকা, পরিবর্তনশীল ব্যয় ২৫ টাকা এবং স্থায়ী ব্যয় ১৫ টাকা।

6) ব্যবসায়ের নিরাপত্তা প্রাপ্ত কত? (Accounting)

- A). ৬০,০০০ টাকা
- B). ৬৫,০০০ টাকা
- C). ৭০,০০০ টাকা
- D). ৭৫,০০০ টাকা

আপনি এই প্রশ্নের উত্তর দেননি

সঠিক উত্তর: A). ৬০,০০০ টাকা,

7) একটি প্রতিষ্ঠানের বিক্রয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা। যদি প্রতিষ্ঠানটির কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৪০% হয়, তবে পরিবর্তনশীল খরচের পরিমাণ কত? (Accounting)

- A). ২০,০০০ টাকা
- B). ৩০,০০০ টাকা
- C). ৪০,০০০ টাকা
- D). ৬০,০০০ টাকা

আপনার উত্তর: D). ৬০,০০০ টাকা,

সঠিক উত্তর: D). ৬০,০০০ টাকা,

8) নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয় নয়? (Accounting)

- A). প্রত্যক্ষ কাঁচামাল
- B). মজুরি
- C). অবচয়
- D). বিক্রয়কর্মীর কমিশন

আপনার উত্তর: C). অবচয়,

সঠিক উত্তর: C). অবচয়,

9) পরিবর্তনশীল ব্যয় প্রতি একক উৎপাদনে- (Accounting)

- A). স্থির থাকে
- B). হ্রাস পায়
- C). বৃদ্ধি পায়
- D). পরিবর্তিত হয়

আপনার উত্তর: A). স্থির থাকে,

সঠিক উত্তর: A). স্থির থাকে,

বিক্রয় ৫,০০,০০০ টাকা; প্রত্যক্ষ কাঁচামাল ১,৫০,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ৫০,০০০ টাকা; কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ১০%; প্রশাসনিক খরচ বিক্রয়ের ৫% এবং বিক্রয় খরচ বিক্রয়ের ১০% হলে

10) মোট ব্যয় কত? (Accounting)

- A). ২,০০,০০০ টাকা
- B). ২,৩০,০০০ টাকা
- C). ২,৫০,০০০ টাকা
- D). ২,৮০,০০০ টাকা

আপনার উত্তর: D). ২,৮০,০০০ টাকা,

সঠিক উত্তর: D). ২,৮০,০০০ টাকা,

11) নিচের কোন খরচটি প্রত্যক্ষ খরচ? (Accounting)

- A). মেশিনের অবচয়
- B). মেশিনের জ্বালানি
- C). মেশিনের মেরামত
- D). পণ্যের নকশা খরচ

আপনার উত্তরঃ D). পণ্যের নকশা খরচ,
সঠিক উত্তরঃ D). পণ্যের নকশা খরচ,

একটি দ্রব্য উৎপাদনের মাল খরচ ২,০০০ টাকা; শ্রম খরচ ৬০০ টাকা; উপরিব্যয় ১০%; প্রশাসনিক ব্যয় ৫০০ টাকা; বিক্রয় খরচ ২০০ টাকা; মুনাফা বিক্রয়মূল্যের ২০%;

12) মুনাফা পরিমাণ কত? (Accounting)

- A). ৪৯০ টাকা
- B). ৭২০ টাকা
- C). ৭১২ টাকা
- D). ৯৮০ টাকা

আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ B). ৭২০ টাকা,

13) কোনটি মজুত পণ্যের ব্যয়ের অন্তর্ভুক্ত হয় না? (Accounting)

- A). বিক্রয় কর্মীর বেতন
- B). পরিবহন ব্যয়
- C). আমদানি শুল্ক
- D). ক্রয়মূল্য

আপনার উত্তরঃ A). বিক্রয় কর্মীর বেতন,
সঠিক উত্তরঃ A). বিক্রয় কর্মীর বেতন,

14) নিচের কোনটি উৎপাদন ব্যয়ের উপাদান নয়? (Accounting)

- A). প্রত্যক্ষ মাল
- B). প্রত্যক্ষ শ্রম
- C). অফিস ভাড়া
- D). মেরামত ব্যয়

আপনার উত্তরঃ C). অফিস ভাড়া,
সঠিক উত্তরঃ C). অফিস ভাড়া,

15) নিচের কোনটি কারখানা উপরি ব্যয় নয়? (Accounting)

- A). পরোক্ষ মজুরি
- B). বিদ্যুৎ খরচ
- C). দারোয়ানের বেতন
- D). অফিস ম্যানেজারের বেতন

আপনার উত্তরঃ D). অফিস ম্যানেজারের বেতন,
সঠিক উত্তরঃ D). অফিস ম্যানেজারের বেতন,

16) রূপান্তর ব্যয় (Conversion Cost) বলতে বোঝায়- (Accounting)

- A). প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি
- B). প্রত্যক্ষ মজুরি + কারখানা উপরিব্যয়
- C). মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয়
- D). প্রত্যক্ষ কাঁচামাল + কারখানা উপরিব্যয়

আপনার উত্তরঃ B). প্রত্যক্ষ মজুরি + কারখানা উপরিব্যয়,

সঠিক উত্তরঃ B). প্রত্যক্ষ মজুরি + কারখানা উপরিব্যয়,

17) সমচ্ছেদ বিন্দু (Break Even Point) বলতে এমন একটি অবস্থাকে বোঝায় যেখানে- (Accounting)

- A). মোট আয় > মোট ব্যয়
- B). মোট আয় < মোট ব্যয়
- C). মোট আয় = মোট ব্যয়
- D). কোনোটিই নয়

আপনার উত্তরঃ C). মোট আয় = মোট ব্যয়,

সঠিক উত্তরঃ C). মোট আয় = মোট ব্যয়,

কাঁচামাল ক্রয় ৬৬,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৫২,৫০০ টাকা, অন্যান্য প্রত্যক্ষ ব্যয় ৩,০০০ টাকা, বহিঃপরিবহন ৫,০০০ টাকা, সুপারভাইজারের বেতন ৭,০০০ টাকা

18) মুখ্য ব্যয় কত? (Accounting)

- A). ১,১৮,৫০০
- B). ১,২১,৫০০
- C). ২,২০,০০০
- D). ১,১০,০০০

আপনার উত্তরঃ B). ১,২১,৫০০,

সঠিক উত্তরঃ B). ১,২১,৫০০,

একটি প্রতিষ্ঠানের প্রারম্ভিক কাঁচামাল ব্যয় ২০,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ৮,০০০ টাকা, আমদানি শুল্ক ৪,০০০ টাকা, বহিঃপরিবহন ২,০০০ টাকা এবং সমাপনী কাঁচামাল ১২,০০০ টাকা হলে,

19) উৎপাদনে কত টাকার কাঁচামাল ব্যবহৃত হয়েছে? (Accounting)

- A). ২৪,০০০ টাকা
- B). ২০,০০০ টাকা
- C). ২৮,০০০ টাকা
- D). ২৬,০০০ টাকা

আপনার উত্তরঃ B). ২০,০০০ টাকা,

সঠিক উত্তরঃ B). ২০,০০০ টাকা,

20) নিচের কোনটি আধা-পরিবর্তনশীল (Semi-variable) ব্যয়ের উদাহরণ? (Accounting)

- A). কারখানার ভাড়া
- B). কাঁচামাল
- C). টেলিফোন বিল
- D). বিমা সেলামি

আপনার উত্তরঃ C). টেলিফোন বিল,

সঠিক উত্তরঃ C). টেলিফোন বিল,